

## অর্থ ও সংস্থাপন স্থায়ী কমিটির সভা

রাজশাহী সিটি কর্পোরেশনের অর্থ ও সংস্থাপন স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। সোমবার বিকাল সাড়ে ৩টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত নগর ভবন সরিৎ দত্ত গুপ্ত সভাকক্ষে বাংলাদেশ আওয়ামী লীগের সভাপতিমন্ডলীর সদস্য, অর্থ ও সংস্থাপন স্থায়ী কমিটির এবং রাজশাহী সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র এ.এইচ.এম খায়রুজ্জামান লিটনের সভাপতিত্বে এ সভা অনুষ্ঠিত হয়।

সভায় মেয়র এ.এইচ.এম খায়রুজ্জামান লিটন বলেন, সিটি কর্পোরেশনকে সুদৃঢ় আর্থিক ভিত্তির উপর দাঁড় করতে চাই। এজন্য সেবার খাত ব্যতিত অন্যান্য প্রচলিত ও অপ্রচলিত খাতে আয় বৃদ্ধি করতে সবাইকে আরো আন্তরিকভাবে কাজ করতে হবে।

তিনি আরো বলেন, দক্ষ জনগোষ্ঠী তৈরি ও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করতে রাজশাহী সিটি কর্পোরেশন স্কিল ডেভেলপমেন্ট ইনস্টিটিউট তৈরি করা হয়েছে। এটি ওয়ার্ড পর্যায়ে ছড়িয়ে দেওয়া হবে।

সভায় ৫.২.২০২৪ ও ৬.২.২০২৪খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তসমূহ পাঠ ও দৃঢ়করণ, জুলাই-২০২৩ হতে মার্চ-২০২৩ পর্যন্ত আয় ও ব্যয় এর উপর আলোচনা, ২০২৪-২০২৫ অর্থ বছরের বাজেট কার্যক্রম শুরুর তারিখ নির্ধারণ, সার্বজনীন পেনশন স্কিম বিষয়ে আলোচনা, রাজশাহী শিশুপার্ক ৩ বছর মেয়াদে ইজারার জন্য প্রাপ্ত দর বিবেচনার জন্য সুপারিশ অনুমোদন বিষয়ে আলোচনা, ইমাম প্রশিক্ষণ কেন্দ্রের নিকটস্থ পদ্মাপুকুরে নির্মিত দুইতলা বিশিষ্ট স্থাপনা ইজারার নিমিত্তে সরকারী মূল্য অনুমোদন বিষয়ে আলোচনা, অত্র কর্পোরেশনের বিভিন্ন হাট-বাজার, ফেরীঘাট, গণসৌচাগার ও অন্যান্য বিষয়ের ১৪৩১ বঙ্গাব্দ মেয়াদে প্রাপ্ত ইজারা দর অনুমোদন বিষয়ে আলোচনা, ১০টি নতুন স্থাপনা ইজারা প্রদান প্রসঙ্গে আলোচনা, সালভেজ ম্যাটেরিয়াল হতে অর্জিত আয় বিষয়ে আলোচনা, যন্ত্রপাতি ও যানবাহন হতে অর্জিত আয় বিষয়ে আলোচনা, উপ যানবাহন শাখার ২০১৯-২০২২ইং অর্থ বছর হতে ২০২১-২০২২ইং অর্থ বছর পর্যন্ত অটো রিক্সা ও চার্জার রিক্সা নবায়ন না করার কারণে যে কার্ড গুলো বন্ধ করা আছে, বন্ধকৃত কার্ড গুলো চালু করে নবায়নের সুযোগ প্রদান প্রসঙ্গে আলোচনা, হোল্ডিং ট্যাক্স, লাইসেন্স, দোকান ভাড়া, অটো রিক্সা ও চার্জার রিক্সার সারচার্জ মওকুফ করণ প্রসঙ্গে আলোচনা, যোগাযোগ স্থায়ী কমিটির সভায় সুপারিশকৃত দৈনিক হায়ার চার্জ ভ্যাট ও ট্যাক্স সহ দৈনিক ভাড়া পূনঃ নির্ধারণ প্রসঙ্গে আলোচনা, দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে বিজয় অর্জনে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা-কে মাননীয় মেয়র মহোদয়ের পক্ষ থেকে অভিনন্দন জানিয়ে বিভিন্ন জাতীয় ও স্থানীয় পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপনের ব্যয় অনুমোদন প্রদান প্রসঙ্গে আলোচনা, চলতি বছরের রাজস্ব দাবীর বিপরীতে গত তিনটি ত্রৈমাসিক রাজস্ব আদায়ের হার ও রাজস্ব আদায় বৃদ্ধির উদ্যোগ সমূহের আলোচনা, ইঅঈব্ব এর আলোকে বাজেট প্রনয়ণে অভিন্ন ফরমেট প্রনয়ন বিষয়ে আলোচনা ও বিবিধ নিয়ে আলোচনা ও প্রস্তাব করা হয়।

সভায় রাসিকের প্যানেল মেয়র-১ ২১নং ওয়ার্ড কাউন্সিলর মোঃ নিয়াম উল আযীম, প্যানেল মেয়র-২ ও ১৩নং ওয়ার্ড কাউন্সিলর আব্দুল মোমিন, ৫নং ওয়ার্ড কাউন্সিলর মোঃ কামরুজ্জামান, ১৫নং ওয়ার্ড কাউন্সিলর আব্দুস সোবহান লিটন, ৮নং ওয়ার্ড কাউন্সিলর জানে আলম জনি, সংরক্ষিত আসনের কাউন্সিলর নাদিরা বেগম, প্রধান নির্বাহী কর্মকর্তা ড.এবিএম শরীফ উদ্দিন, সচিব মোঃ মোবারক হোসেন, প্রধান রাজস্ব কর্মকর্তা আবু সালে মোঃ নুর-ঈ-সাইদ, এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট সাদিয়া আফরিন, প্রধান প্রকৌশলী নুর ইসলাম তুষার, প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা শেখ মোঃ মামুন, প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ডাঃ এফএএম আঞ্জুমান আরা বেগম, বাজেট কাম হিসাবরক্ষণ কর্মকর্তা শফিকুল ইসলাম খান জিআইজেডের সিফোরসি-২ প্রকল্পের প্রধান পরামর্শক নাওকো আনজাই, সিটি গভর্নেন্স স্পেশালিস্ট মনি মালা রায় সহ সংশ্লিষ্ট শাখার প্রধানগণ উপস্থিত ছিলেন।

# সভার ছবি:

